**বাংলা একাডেমি**
৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা ১০০০
ই-মেইল : bacademy55@gmail.com
ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা : প্রাপপ্র/প্রাতি-ব্য-২৭৫/১৯৯৩/ ৪২৯/৬/২৪৩ তারিখ : ১১/১২/২০২৫

## অফিস আদেশ

যেহেতু বাংলা একাডেমির ৩১.০৭.১৯৯৩ তারিখে প্রাপপ্র/প্রাতি-সা-৮৪/৯২/৯২৮/২০/বাএ সংখ্যক স্মারকে কাজী মোঃ জাহিদুল হক-কে নিম্নমান সহকারী-মুদ্রাক্ষরিক পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ৪(চার) মাসের জন্য নিয়োগ প্রদান করা হয় এবং উক্ত পদে তিনি ৪.৮.১৯৯৩ তারিখে যোগদান করেন। পরবর্তীতে ৪ মাস পরপর তাঁর নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা হয়;

যেহেতু এডহকভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মাচরীদের নিয়মিতকরণ কমিটির ২৯.১২.১৯৯৭ তারিখের এবং কার্যনির্বাহী পরিষদের ৩০.১২.১৯৯৭ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক একাডেমির ০২.০২.১৯৯৮ তারিখের প্রাপপ্র/প্রাতি-সা-১১২/৯৫/১১৯/১৪০/বাএ সংখ্যক অফিস আদেশে কাজী মোঃ জাহিদুল হক-কে নিম্নমান সহকারী-মুদ্রাক্ষরিক পদে ৪.১২.১৯৯৭ তারিখ থেকে নিম্নোক্ত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হয় :

ক. এই নিয়োগের ফলে এডহক ভিত্তিক চাকরিকালের জন্য কোনো আর্থিক বা আন্যান্য সুবিধা পাবেন না;
খ. একাডেমির প্রচলিত নিয়মানুযায়ী জ্যেষ্ঠতা, সন্নিয়োগ ও চাকরি সংক্রান্ত অন্যান্য বিষয় নির্ধারিত হবে;

যেহেতু কাজী মোঃ জাহিদুল হক এডহকভিত্তিক নিযুক্ত কর্মচারী নিয়মিতকরণ বিধিমালা, ১৯৯৪ অনুযায়ী প্রথম যোগদানের তারিখ থেকে চাকরিকাল গণনাপূর্বক সকল সুবিধা প্রদানের জন্য ১২.০৯.২০২৪ তারিখে মহাপরিচালক বরাবর আবেদন করেন এবং তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে বাংলা একাডেমির ২০.০৩.২০২৫ তারিখের প্রাপপ্র/প্রাতি-ব্য-২৭৫/৯৩/১১৭২/৮/বাএ সংখ্যক স্মারকে ৩ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়;

যেহেতু কমিটি এডহকভিত্তিক নিযুক্ত কর্মচারী নিয়মিতকরণ বিধিমালা, ১৯৯৪-এর নির্দেশনা অনুযায়ী কাজী মোঃ জাহিদুল হক-এর প্রথম এডহকভিত্তিক চাকরিতে যোগদানের তারিখ থেকে চাকরি নিয়মিতকরণের সুপারিশ করেন এবং তাঁর বেতন, ছুটি, পেনশন, পদোন্নতি ও জ্যেষ্ঠতা ইত্যাদি প্রাপ্যতা অনুযায়ী নির্ধারিত হবে মর্মে উল্লেখ করেছেন। কমিটি সুপারিশের পরিপ্রেক্ষিতে বাংলা একাডেমির আইন উপদেষ্টার নিকট মতামত চাওয়া হলে তিনিও এ বিষয়ে একমত পোষণ করেন।

সেহেতু কমিটির সুপারিশ এবং আইন উপদেষ্টার মতামতের পরিপ্রেক্ষিতে এডহকভিত্তিক নিযুক্ত কর্মচারী নিয়মিতকরণ বিধিমালা, ১৯৯৪-এর নির্দেশনা অনুযায়ী কাজী মোঃ জাহিদুল হক-কে নিম্নমান সহকারী-মুদ্রাক্ষরিক পদে প্রথম যোগদানের তারিখ অর্থাৎ ৪.৮.১৯৯৩ তারিখ থেকে একাডেমির চাকরিতে নিয়মিতকরণ করা হলো।

২. তাঁর আর্থিক ও অন্যান্য সুবিধাদি নির্ধারণের জন্য কমিটি গঠিত হবে। কমিটি বিধি মোতাবেক আর্থিক ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ করবেন।

১৪/১২/২৫

অধ্যাপক মোহাম্মদ আজম
মহাপরিচালক
বাংলা একাডেমি, ঢাকা
ফোন: ৫৮৬১১২১৫

**বিতরণ**
কাজী মোঃ জাহিদুল হক, পাণ্ডুলিপি সম্পাদক, বাংলা একাডেমি, ঢাকা

**অনুলিপি**
১. পরিচালক (সকল), বাংলা একাডেমি, ঢাকা
২. উপপরিচালক (সকল)/ব্যবস্থাপক (প্রেস)/সিনিয়র প্রশিক্ষক/সহযোগী সম্পাদক/বাণিজ্যিক ব্যবস্থাপক, বাংলা একাডেমি, ঢাকা
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলা একাডেমি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলা একাডেমি, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. ওয়েবসাইট সংশ্লিষ্ট কর্মকর্তা, বাংলা একাডেমি, ঢাকা
৬. সংশ্লিষ্ট নথি